সিনিয়র সিস্টেম এনালিষ্ট
◇ সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ ~~সহকারী প্রোগ্রামার~~ M.E
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং.............................
তারিখঃ ..............................
স্বাক্ষর

অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪১২ তারিখঃ ০৫-১০-২০২০ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

১০ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন এবং স্থগিতকৃত ইউনিয়ন পরিষদসমূহের **(সংযুক্ত তালিকা)** সাধারণ/উপনির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ১০ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন এবং স্থগিতকৃত ইউনিয়ন পরিষদসমূহের **(সংযুক্ত তালিকা)** সাধারণ/উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৯ অক্টোবর ২০২০ তারিখ ১২:০০ টা হতে ভোটগ্রহণের দিন অর্থাৎ ১০ অক্টোবর ২০২০ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে:

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

০২। সেই সাথে ০৮ অক্টোবর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১১ অক্টোবর ২০২০ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৫/১০/২০২০
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

(অপর পাতায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪১২/১(৫০) তারিখঃ ০৫-১০-২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, ............................................( সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৫. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
০৬. সচিব ............................................(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ২৭-০৯-২০২০ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২০-১০৯ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৯. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (**এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম
১২. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ............................(সংশ্লিষ্ট)
১৪. উপ-মহাপুলিশ পরিদর্শক, ...................................(সংশ্লিষ্ট)
১৫. জেলা প্রশাসক, ফরিদপুর/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম/গাইবান্ধা/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জামালপুর/নরসিংদী/সুনামগঞ্জ/কুমিল্লা
১৬. পুলিশ সুপার, ফরিদপুর/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম/গাইবান্ধা/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জামালপুর/নরসিংদী/সুনামগঞ্জ/কুমিল্লা
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম/গাইবান্ধা/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জামালপুর/নরসিংদী/সুনামগঞ্জ/কুমিল্লা
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো**)
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম/গাইবান্ধা/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জামালপুর/নরসিংদী/সুনামগঞ্জ/কুমিল্লা
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .........................................................(সংশ্লিষ্ট)
২৩. জেলা তথ্য অফিসার, ফরিদপুর/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম/গাইবান্ধা/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জামালপুর/নরসিংদী/সুনামগঞ্জ/কুমিল্লা
২৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (**প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

সংলগ্নী

মেয়াদ উত্তীর্ণজনিত কারণে স্থগিত নির্বাচনযোগ্য ইউনিয়ন পরিষদ সংক্রান্ত

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদ | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | নতিপোতা | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য, সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. | | | নাটুদহ | |

স্থগিত ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন সংক্রান্ত

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | জয়মনিরহাট | চেয়ারম্যান |
| ২. | গাইবান্ধা | সদর | সাহাপাড়া | চেয়ারম্যান |
| ৩. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | পাঁকা | চেয়ারম্যান |
| ৪. | রাজশাহী | গোদাগাড়ী | মাটিকাটা | চেয়ারম্যান |
| ৫. | জামালপুর | ইসলামপুর | নোয়ারপাড়া | চেয়ারম্যান |
| ৬. | নরসিংদী | সদর | করিমপুর | চেয়ারম্যান |
| ৭. | সুনামগঞ্জ | বিশ্বম্ভরপুর | সলুকাবাদ | চেয়ারম্যান |
| ৮. | কুমিল্লা | চান্দিনা | বাতাঘাসী | চেয়ারম্যান |

২৬৭

সংলগ্নী

## স্থগিত উপজেলা পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন

| ক্রম | জেলা | উপজেলা | পদের নাম |
|---|---|---|---|
| ১. | ফরিদপুর | চরভদ্রাসন | চেয়ারম্যান |